## ২। দ্রব্য সম্পর্কে বুদ্ধিবাদীদের মতবাদ (Rationalistic theory of Substance) :

বুদ্ধিবাদীরা বলেন যে যার স্বাধীন সত্তা আছে, যার অস্তিত্ব অন্য কোন কিছুর উপর নির্ভর করে না তাকেই দ্রব্য বলা হয়। গুণ নির্ভর করে দ্রব্যের উপর। দ্রব্যকে আশ্রয় না করে গুণ থাকতে পারে না। সুতরাং গুণগুলি দ্রব্য নয়।

দ্রব্যের স্বাধীন সত্তা

বুদ্ধিবাদী দার্শনিকদের মধ্যে ডেকার্ট, স্পিনোজা ও লাইব্‌নিজের দর্শনে দ্রব্যের ধারণা একটি অতি গুরুত্বপূর্ণ ধারণা।

### (১) দ্রব্য সম্পর্কে ডেকার্টের মতবাদ (Decartes' Theory of Substance) :

ডেকার্ট (Decartes) দ্রব্যের সংজ্ঞা প্রসঙ্গে বলেছেন, যার অস্তিত্বের জন্য নিজেকে ছাড়া আর অন্য কিছুর প্রয়োজন হয় না, যা স্বনির্ভর তা-ই দ্রব্য। ডেকার্টের মতে দ্রব্য এক সত্তাবান পদার্থ। দ্রব্য আত্মনির্ভর। দ্রব্যের সত্তা অন্য কিছুর উপর নির্ভর করে না। দ্রব্য নিজেই নিজের সত্তা অক্ষুণ্ণ রাখতে পারে। দ্রব্য নিত্য, এর কোন পরিবর্তন নেই, বিনাশও নেই। দ্রব্য গুণ ও ক্রিয়ার আধার। ইন্দ্রিয় দিয়ে দ্রব্যকে জানা যায় না। বিশুদ্ধ বুদ্ধি বা প্রজ্ঞার দ্বারা দ্রব্যকে

দ্রব্য সম্পর্কে ডেকার্টের সংজ্ঞা

Scanned by CamScanner

উপলব্ধি করা যায়। দ্রব্য বিশুদ্ধ অনুভূতির (pure intuition) বিষয়। ডেকার্ট ঈশ্বরকে পরম দ্রব্য বলেছেন। ঈশ্বর সনাতন ও স্বনির্ভর। ঈশ্বরের সত্তা অন্য কোন কিছুর উপর নির্ভর করে না। ঈশ্বর এক, অসীম ও অদ্বিতীয়। শুধু তাই নয়, ঈশ্বর সর্বপ্রকার পরাকাষ্ঠা।

ডেকার্টের মতে দ্রব্য ত্রিবিধ—ঈশ্বর, মন ও জড়

ডেকার্ট যেভাবে দ্রব্যের সংজ্ঞা দিয়েছেন তাতে ঈশ্বরই একমাত্র দ্রব্য, কেননা ঈশ্বর স্বনির্ভর, সনাতন ও অপরিণামী। ঈশ্বরের সত্তা অন্য কোন কিছুর উপর নির্ভর করে না। ডেকার্ট নিজেও বলেছেন ঃ "একটিমাত্র দ্রব্যের কথাই আমরা বলতে পারি যা সম্পূর্ণভাবে স্বনির্ভর ও স্বাধীন এবং সেই দ্রব্য ঈশ্বর।" কিন্তু ডেকার্ট ঈশ্বর ছাড়া আরও দুটি দ্রব্যের উল্লেখ করেছেন, যথা—মন বা আত্মা এবং জড়। তিনি মন ও জড় পদার্থের দ্রব্যত্ব অস্বীকার করেন নি। মন ও জড়কে দ্রব্য বলার সপক্ষে ডেকার্টের যুক্তি হল এই যে, মন ও জড় পরস্পর-স্বাধীন দুটি স্বতন্ত্র সত্তা। মন নিজের অস্তিত্বের জন্য জড়ের উপর নির্ভরশীল নয়, জড়ও মনের উপর নির্ভরশীল নয়। মন ও জড় পরস্পর-নিরপেক্ষ সত্তা। এদের মধ্যে কোন মিল নেই। কিন্তু মন ও জড় উভয়েই ঈশ্বর কর্তৃক সৃষ্ট বলে ঈশ্বরের উপর নির্ভরশীল। ডেকার্ট মন ও জড়কে দ্রব্য বলেছেন এজন্য যে, এদের অস্তিত্বের জন্য ঈশ্বরের সহযোগিতা ছাড়া অন্য কোন কিছুর প্রয়োজন হয় না। ডেকার্ট অবশ্য মন ও জড়কে 'সৃষ্ট দ্রব্য' বা 'সাপেক্ষ দ্রব্য' (Relative Substance) এবং ঈশ্বরকে 'নিরপেক্ষ দ্রব্য' (Absolute Substance) বলেছেন। ঈশ্বর, অজ, স্বাধীন ও অসীম দ্রব্য। মন ও জড় পদার্থ সৃষ্ট, পরাধীন ও সসীম দ্রব্য। মন ও জড় পরস্পর-নিরপেক্ষ হলেও তারা ঈশ্বর-নিরপেক্ষ নয়। বরঞ্চ তাদের অস্তিত্বের জন্য তারা ঈশ্বরের উপর নির্ভরশীল। কাজেই ডেকার্টের মতে দ্রব্য ত্রিবিধ—ঈশ্বর, মন বা আত্মা এবং জড়।

গুণের মাধ্যমে দ্রব্য সম্পর্কে জ্ঞান হয়

দ্রব্যকে আমরা জানি তার গুণের মাধ্যমে। গুণ হল দ্রব্যের সেই অত্যাবশ্যক ও অপরিহার্য ধর্ম যা দ্রব্যে নিহিত থাকে এবং যে ধর্মকে বাদ দিলে দ্রব্য সম্পর্কে কোন ধারণাই করা যায় না বা দ্রব্যের অস্তিত্বই থাকে না। গুণের মাধ্যমে দ্রব্য নিজেকে প্রকাশ করে। গুণ হল দ্রব্যের স্বরূপ। ঈশ্বর পরম ও পূর্ণ সত্তা। কাজেই ঈশ্বরের অসংখ্য গুণ, যেমন—পূর্ণতা, অসীমতা, নিত্যতা, সত্যনিষ্ঠা, সর্বজ্ঞতা ইত্যাদি। কিন্তু মন ও জড়ের একটি করে গুণ আছে। মন বা আত্মার গুণ 'চিন্তা' বা 'চৈতন্য' এবং জড়ের গুণ 'বিস্তৃতি' (extension)। মন হল বিস্তৃতিহীন চৈতন্য, আর জড় হল চৈতন্যহীন বিস্তৃতি। মন ও জড় পরস্পর বিরুদ্ধ-গুণসম্পন্ন।

সমালোচনা

ডেকার্ট দ্রব্যের যে সংজ্ঞা দিয়েছেন তাতে একটিমাত্র দ্রব্যকেই স্বীকার করা যায়, তিনটি নয়। মন ও জড় যেহেতু স্বনির্ভর নয়, সেজন্য তারা দ্রব্য হতে পারে না। মন ও জড় যেহেতু ঈশ্বরের উপর নির্ভরশীল, সেজন্য এদের সম্পর্কে 'দ্রব্য' পদটি প্রয়োগ করা যায় না।

Scanned by CamScanner